

সপ্তম অধ্যায়: মানবাধিকার

► যোগ্যতাভিত্তিক কাঠামোবন্ধ প্রশ্ন ও উত্তর

প্রশ্ন-ক. তোমার বিদ্যালয়ে একজন অটিস্টিক শিশু রয়েছে। তাকে চেনার জন্য উক্ত শিশুটির তিনটি বৈশিষ্ট্য লেখ। তার সাথে তুমি কীরূপ ব্যবহার করবে তার দুইটি লেখ। /প্রা.শি.স.প. ২০১৫/ ৩+২=৫

উত্তর: আমার বিদ্যালয়ের অটিস্টিক শিশুটিকে চেনার জন্য তার তিনটি বৈশিষ্ট্য হলো—

১. তীব্র আলো দেখে উত্তেজিত হয়।
২. প্রচণ্ড শব্দ শুনে উত্তেজিত হয়।
৩. একাকী চুপচাপ থাকতে পছন্দ করে।

আমার বিদ্যালয়ের অটিস্টিক শিশুটির প্রতি আমি যে রূপ ব্যবহার করব—

১. তাকে কখনও বিরক্ত করব না।
২. তার পছন্দ-অপছন্দের ব্যাপারে খেয়াল রাখব।

প্রশ্ন-খ. মানুষের ভালোভাবে বেঁচে থাকার জন্য প্রয়োজন বিভিন্ন ধরনের সুযোগ-সুবিধা। এই সুযোগ-সুবিধা পাওয়ার অধিকারকে কী বলে? আমাদের জীবনে এ সকল সুযোগ-সুবিধার প্রয়োজনীয়তা সম্পর্কে চারটি বাক্য লেখ। ১+৪=৫

উত্তর: মানুষের ভালোভাবে বেঁচে থাকার জন্য বিভিন্ন সুযোগ-সুবিধা পাওয়ার অধিকারকে মানবাধিকার বলে।

আমাদের জীবনে মানবাধিকারের প্রয়োজনীয়তা সম্পর্কে চারটি বাক্য—

১. মানুষের জীবনকে ভালোভাবে গড়ে তুলতে সাহায্য করে।
২. লেখাপড়া শিখে যোগ্যতা ও মর্যাদার সাথে সমাজে বসবাসের সুযোগ করে দেয়।
৩. মানুষে মানুষে সম্প্রীতি তৈরি করে।
৪. মানুষের ভালো গুণগুলোকে বিকশিত করতে সাহায্য করে।

প্রশ্ন-গ. সোবহান সম্পূর্ণ সুস্থ হলেও দৈনিক রুটিন বদল হলে খুবই উত্তেজিত হয়। সে কোন সমস্যায় আক্রান্ত? এ ধরনের শিশুদের কীভাবে স্বাভাবিক জীবনে অভ্যস্ত করা সম্ভব? এ ধরনের শিশুদের তিনটি বৈশিষ্ট্য লেখ। ১+১+৩=৫

উত্তর: সোবহান অটিজম সমস্যায় আক্রান্ত।

এ ধরনের শিশুদের সমস্যার ধরনগুলো জেনে সঠিক শিক্ষার মাধ্যমে স্বাভাবিক জীবনে অভ্যস্ত করা সম্ভব।

অটিস্টিক শিশুদের তিনটি বৈশিষ্ট্য—

১. কোনো কোনো অটিস্টিক শিশু অন্য শিশুদের মতই লেখাপড়া করতে পারে।
২. কোনো একটি বিশেষ খেলনা বা জিনিসের প্রতি প্রবল আকর্ষণ থাকে এবং সেটি সবসময় সাথে রাখে।
৩. কোনো কোনো অটিস্টিক শিশু চমৎকার প্রতিভার অধিকারী হয়।

প্রশ্ন-ঘ. মনির ১০ বছরের শিশু। সে স্কুলে না যেয়ে মিষ্টির দোকানে কাজ করে। মনির কোন অধিকার থেকে বঞ্চিত হচ্ছে? এ ধরনের অধিকার রক্ষায় আমাদের চারটি করণীয় লেখ।

১+৪=৫

উত্তর: মনির মানবাধিকার থেকে বঞ্চিত হচ্ছে।

মানবাধিকার রক্ষায় আমাদের চারটি করণীয়:

১. বাড়িতে, বিদ্যালয়ে এবং প্রতিবেশীদের মধ্যে কেউ যদি মানবাধিকারবিরোধী কোনো কাজ করে তবে তাকে এ বিষয়ে সচেতন করব।
২. প্রয়োজনে যথাযথ কর্তৃপক্ষকে জানাব।
৩. সরকার কর্তৃক এ লক্ষ্যে করা বিভিন্ন আইন মেনে চলব।
৪. মানবাধিকার প্রতিষ্ঠায় বিভিন্ন কাজে অংশগ্রহণ করব।

▶ সাধারণ কাঠামোবদ্ধ প্রশ্ন ও উত্তর

প্রশ্ন-ঙ. মানবাধিকার কাকে বলে? মানবাধিকারের চারটি প্রয়োজনীয়তা লেখ। /প্রা.শি.স.প. ২০১৫/

১+৪=৫

উত্তর: মানুষের ভালোভাবে বেঁচে থাকার জন্য প্রয়োজনীয় সুযোগ-সুবিধা পাওয়ার অধিকারকে মানবাধিকার বলে।

মানবাধিকারের চারটি প্রয়োজনীয়তা:

১. মানবাধিকার লেখাপড়া শিখে যোগ্যতা ও মর্যাদার সাথে সমাজে বসবাসের সুযোগ করে দেয়।
২. মানুষের ভালো গুণগুলোকে বিকশিত হতে সাহায্য করে।
৩. মানুষে মানুষে সম্প্রীতি তৈরি করে।
৪. সমাজে শান্তি প্রতিষ্ঠায় সাহায্য করে।

প্রশ্ন-চ. অটিস্টিক শিশুর পাঁচটি বৈশিষ্ট্য লেখ।

/প্রা.শি.স.প. ২০১৬/ ৫

উত্তর: অটিস্টিক শিশুর পাঁচটি বৈশিষ্ট্য নিম্নরূপ—

১. অটিস্টিক শিশু শারীরিকভাবে সম্পূর্ণ সুস্থ।
২. কোনো কোনো অটিস্টিক শিশু অন্য শিশুদের মতোই লেখাপড়া করতে পারে।
৩. তারা আলো, শব্দ, গতি, স্পর্শ, ঘ্রাণ বা স্বাদের ক্ষেত্রে অতি সংবেদনশীল থাকে।
৪. কোনো কোনো অটিস্টিক শিশু চমৎকার প্রতিভার অধিকারী হয়।
৫. এ ধরনের শিশুদের কোনো একটি বিশেষ জিনিসের প্রতি প্রবল আকর্ষণ থাকে এবং সেটি সব সময় সাথে রাখে।

প্রশ্ন-ছ. নারী ও শিশু পাচার বন্ধ হওয়া প্রয়োজন কেন? পাঁচটি বাক্যে লিখ। /প্রা.শি.স.প. ২০১৫/

৫

উত্তর: যেসব কারণে নারী ও শিশু পাচার বন্ধ হওয়া প্রয়োজন তা পাঁচটি বাক্যে নিচে লেখা হলো—

১. মানবাধিকার বাস্তবায়নের জন্য।
২. নারী ও শিশুদের নিরাপত্তার জন্য।
৩. সুন্দর জীবন যাপনের জন্য।
৪. ঝুঁকিপূর্ণ ও অমানবিক কাজ বন্ধ করার জন্য।
৫. পরিবারের দুঃখ-কষ্ট লাঘব করার জন্য।